

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
সংস্থাপন-১  
(www.mole.gov.bd)

নং-৪০.০০.০০০০.০২০.৩৮.০০৯.১৯-৮০

তারিখ: ২২-০২-২০২১

অফিস আদেশ

যেহেতু আপনি জনাব মোঃ জাকির হোসেন, সহকারী মহাপরিদর্শক (সাধারণ), উপমহাপরিদর্শকের কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, পাবনায় কর্মরত থাকাকালে ওয়াসিফ নীট কম্পোজিট লিঃ, ভোগড়া, বাসন সড়ক, গাজীপুর-এর মালিক কর্তৃক বেআইনিভাবে কারখানা বন্ধ করার কারণে সকল কর্মকর্তা-কর্মচারীদের আইনগত পাওনাদি পরিশোধের বিষয়ে গত ২৭-০৫-২০১৯ তারিখে গাজীপুর জেলা কার্যালয়ের কর্মকর্তা, মালিক, শ্রমিক ও ফেডারেশনের সমন্বয়ে অনুষ্ঠিত বৈঠকে উর্ধ্বতন কর্মকর্তাদের অবহিত না করে ও অনুমতি ব্যতিরেকে উপস্থিত থেকে শ্রমিকদের মধ্যে অসন্তোষ সৃষ্টি ও উস্কানি দেয়ার চেষ্টা করেন বিধায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী বিভাগীয় মামলা নং ০২/২০২০ রুজু করে ০২-০৯-২০২০ তারিখের ৪০.০০.০০০০.০২০.৩৮.১৩৮.২০১৩-৮৯ নং স্মারকে কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির জন্য প্রার্থনা করেন;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তার ব্যক্তিগত শুনানি গ্রহণ অন্তে তা সন্তোষজনক প্রতীয়মান হয় নি এবং তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

সেহেতু জনাব মোঃ জাকির হোসেন, সহকারী মহাপরিদর্শক (সাধারণ), উপমহাপরিদর্শকের কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, পাবনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে বিধি ৪(২)(ক) অনুযায়ী তিরস্কার দণ্ডে দণ্ডিত করা হলো। একই সাথে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২২/০২/২০২১

(কে, এম, আব্দুস সালাম)

সচিব

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

নং-৪০.০০.০০০০.০২০.৩৮.০০৯.১৯-৮০/(৯)

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ:

তারিখ: ২২-০২-২০২১

- ১। মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, বিজয়নগর, ঢাকা।
- ২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, সিজিএ অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। জনাব মোঃ জাকির হোসেন, সহকারী মহাপরিদর্শক (সাধারণ), উপমহাপরিদর্শকের কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, পাবনা।
- ৭। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। যুগ্মসচিব (সংস্থাপন) এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। অফিস কপি/গার্ড ফাইল।

২২/০২/২০২১

(মোঃ হানিফ সিকদার)

উপসচিব (সংস্থাপন-১)